



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বিভাগীয় উপপরিচালকের কার্যালয়  
প্রাথমিক শিক্ষা, ঢাকা বিভাগ  
সেকশন-২, মিরপুর, ঢাকা-১২১৬  
www.dpe.dhakadiv.gov.bd

স্মারক নং ৩৮.০১.৩০০০.০০০.২৭.০৪৬.২৩- ২৮২

তারিখ: ০৭ ফাল্গুন ১৪৩০  
২০ ফেব্রুয়ারি ২০২৪

অফিস আদেশ

যেহেতু, জনাব মো: আলাউদ্দিন মোল্লা, প্রধান শিক্ষক, জাহানাবাদ সরকারি প্রাথমিক বিদ্যালয়, মিরপুর, ঢাকা-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) ও ৩(ঘ) মোতাবেক অসদাচরণ ও দুর্নীতি এর অভিযোগে অভিযুক্ত করে বিভাগীয় মামলা রুজুপূর্বক অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করে জবাব প্রদানের জন্য নির্দেশ প্রদান করা হয়;

যেহেতু, তিনি লিখিত জবাব দাখিল করেন এবং ব্যক্তিগত শুনানীতে অংশগ্রহণ করেন;

যেহেতু, তাঁর লিখিত জবাব, ব্যক্তিগত শুনানীতে প্রদত্ত বক্তব্য, তদন্ত প্রতিবেদন এবং সংশ্লিষ্ট রেকর্ডপত্রাদি পর্যালোচনায় তাঁর বিরুদ্ধে অসদাচরণ ও দুর্নীতি এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে এবং সার্বিক বিবেচনায় তাঁকে লঘুদণ্ড প্রদান করা সমীচীন হবে মর্মে প্রতীয়মান হয়;

সেহেতু, জনাব মো: আলাউদ্দিন মোল্লা, প্রধান শিক্ষক, জাহানাবাদ সরকারি প্রাথমিক বিদ্যালয়, মিরপুর, ঢাকা-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) ও ৩(ঘ) মোতাবেক অসদাচরণ ও দুর্নীতির অভিযোগ প্রমাণিত হওয়ায় উক্ত বিধিমালার ৩(খ) ও ৩(ঘ) অনুযায়ী “অসদাচরণ” ও “দুর্নীতির” অভিযোগে দোষী সাব্যস্ত করে একই বিধিমালার বিধি ৪(২)(খ) মোতাবেক তাঁর ০১ (এক) টি বার্ষিক বেতন বৃদ্ধি ০১ (এক) বছরের জন্য স্থগিত করা হলো। স্থগিতকৃত বেতন তিনি পরবর্তীতে বকেয়া হিসেবে প্রাপ্য হবেন না।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

১৪৩১-  
(মীর্জা মোঃ হাসান খসরু)  
বিভাগীয় উপপরিচালক  
প্রাথমিক শিক্ষা, ঢাকা বিভাগ  
ফোন: ০২-৫৮০৫৩৩৬৭

স্মারক নং ৩৮.০১.৩০০০.০০০.২৭.০৪৬.২৩- ২৮২ (৫)

তারিখ: ০৭ ফাল্গুন ১৪৩০  
২০ ফেব্রুয়ারি ২০২৪

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে:

- ১। মহাপরিচালক (গ্রেড-১), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা।
- ২। চীফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
- ৩। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, ঢাকা।
- ৪। থানা শিক্ষা অফিসার, মিরপুর, ঢাকা (চাকুরী বহিতে লিপিবদ্ধ করতে অনুরোধ করা হলো)।
- ৫। জনাব মো: আলাউদ্দিন মোল্লা, প্রধান শিক্ষক, জাহানাবাদ সরকারি প্রাথমিক বিদ্যালয়, মিরপুর, ঢাকা।
- ৬। সংরক্ষণ নথি।

২০/০২/২০২৪  
(মোসাম্মদ রোখসানা হায়দার)  
সহকারী পরিচালক  
প্রাথমিক শিক্ষা, ঢাকা বিভাগ, ঢাকা  
০২-৫৮০৫৪৮৯৯